ঘটস্থাপন—নাতিহ্রস্ব নাতিদীর্ঘ অচ্ছিদ্র সুদৃঢ় ঘট গ্রহণ করতঃ "ক্লীং" মন্ত্রে প্রোক্ষণ করিয়া "ঐং" মন্ত্রে শোধন করতঃ "হ্রীং" মন্ত্রে মণ্ডলে ঘটস্থাপন করিবেন। পরে "হ্রীং" মন্ত্রে জলদ্বারা ঘট পূরণ করিয়া ঘটস্থ জলের উপর করযোড়ে নিম্নমন্ত্রে তীর্থ আবাহন করিবেন। যথা—"ওঁ ক্রোং গঙ্গে চ যমুনে চৈব গোদাবরি সরস্বতী। নর্মদে সিন্ধুকাবেরী জলেঽস্মিন্ সন্নিধিং কুরু॥ ওঁ গঙ্গাদ্যাঃ সরিতঃ সর্ব্বাঃ সমুদ্রাশ্চ সরাংসি চ। সর্ব্বে সমুদ্রাঃ সরিতঃ সরাংসি জলদা নদাঃ॥ হ্রদাঃ প্রস্রবণাঃ পুণ্যাঃ স্বর্গ পাতালভূগতাঃ। সর্ব্বতীর্থানি পুণ্যানি ঘটে কুর্ব্বন্তু সন্নিধিম্॥" "হ্রীং" মন্ত্রে ঘটে পল্লব দিবেন। "হুং" মন্ত্রে ঘটে সশীষ ডাব দিবেন। পরে "শ্রীং" মন্ত্রে স্থিরীকরণ করিবেন। পরে "রং" মন্ত্রে সিন্দুর দিবেন। "যং" মন্ত্রে পুষ্প দিবেন। "শং" মন্ত্রে দূর্ব্বা দিবেন। "ওঁ" মন্ত্রে অভ্যুক্ষণ করিয়া "হূং ফট্ স্বাহা" মন্ত্রে ঘট তাড়ন করিবেন। অতঃপর ঘটে হস্তপ্রদান পূর্ব্বক মন্ত্র পাঠ করিবেন। যথা—"ওঁ হ্রীং স্থাং স্থিং স্থিরো ভব।" অতঃপর কাণ্ডরোপণ ও সূত্রবেষ্টন করিবেন।

কাণ্ডরোপণ—তীরকাঠি স্পর্শ করিয়া পাঠ করিবেন। যথা—"ওঁ কাণ্ডাৎ কাণ্ডাৎ প্ররোহন্তি পরুষ পরুষস্পরি। এক নো দূর্ব্বে প্রতনু সহস্রেন শতেন চ॥"

সূত্রবেষ্টন—"ওঁ সূত্রামানং পৃথিবীং দ্যামনেহসং সুশর্ম্মাণমদিতিং সুপ্রণীতিম্। দৈবীং নাবং স্বরিত্রা

মনাগমস্রবন্তি মা রুহেমা স্বস্তয়ে॥”

এই মন্ত্র পাঠপূর্বক রক্তসূত্র দ্বারা বেষ্টন করিবেন। অতঃপর গণেশাদির পূজা করিবেন।

গণেশাদির পূজা ঃ গণেশের ধ্যান—

ওঁ খর্বং স্থূলতনুং গজেন্দ্রবদনং লম্বোদরং সুন্দরম্,
প্রস্যন্দন্মদগন্ধলুব্ধমধূপব্যালোল গণ্ডস্থলম্।
দন্তাঘাত বিদারিতারি রুধিরৈঃ সিন্দুর শোভাকরং,
বন্দে শৈলসুতাসুতং গণপতিং সিদ্ধিপ্রদং কামদম্॥

“এষ গন্ধঃ ওঁ গাং গণেশায় নমঃ। এতৎ পুষ্পম্ ওঁ গাং গণেশায় নমঃ। এষ ধূপঃ ওঁ গাং গণেশায় নমঃ। এষ দীপঃ ওঁ গাং গণেশায় নমঃ। এতন্নৈবেদ্যম্ ওঁ গাং গণেশায় নমঃ।” এইক্রমে পঞ্চোপচারে পূজাপূর্বক প্রণাম করিবেন!

প্রণাম মন্ত্র— ওঁ একদন্তং মহাকায়ং লম্বোদর গজানন।
বিঘ্ননাশ করং দেবং হেরম্বং প্রণমাম্যহম্॥

সূর্য্যের ধ্যান—ওঁ রক্তাম্বুজাসনমশেষ গুণৈকসিন্ধুং,
ভানুং সমস্তজগতামধিপং ভজামি।
পদ্মদ্বয়াভয়বরান্ দধতং করাব্জে-
র্মাণিক্যমৌলিমরুণাঙ্গরুচিং ত্রিনেত্রম্॥

“এষ গন্ধঃ ওঁ শ্রীসূর্য্যায় নমঃ।” এইক্রমে পঞ্চোপচারে পূজা করিয়া প্রণাম করিবেন।

প্রণাম মন্ত্র— ওঁ জবাকুসুম সঙ্কাশং কাশ্যপেয়ং মহাদ্যুতিম্।
ধ্বান্তারিং সর্বপাপঘ্নং প্রণতোহস্মি দিবাকরম্॥

বিষ্ণুর ধ্যান—ওঁ ধ্যেয়ঃ সদা সবিতৃমণ্ডল মধ্যবর্তী
নারায়ণ সরসিজাসন সন্নিবিষ্টঃ কেয়ূরবান্
মকরকণককুণ্ডলবান্ কিরীটিহারী,
হিরন্ময়বপুর্ধৃত শঙ্খ চক্রঃ॥

"এষ গন্ধঃ ওঁ শ্রীবিষ্ণবে নমঃ" ইত্যাদি মন্ত্রে পঞ্চোপচারে পূজা করিয়া প্রণাম করিবেন।

প্রণাম মন্ত্র— ওঁ নমো ব্রহ্মণ্য দেবায় গোব্রাহ্মণ হিতায় চ।
জগদ্ধিতায় কৃষ্ণায় গোবিন্দায় নমো নমঃ॥

শিবের ধ্যান—ওঁ ধ্যায়েন্নিত্যং মহেশং রজতগিরিনিভং চারুচন্দ্রাবতংসং,
রত্নাকল্পোজ্জ্বলাঙ্গং পরশুমৃগবরাভীতি হস্তং প্রসন্নম্।
পদ্মাসীনং সমন্তাৎ স্তুতমমরগণৈঃ ব্যাঘ্রকৃত্তিং বসানং।
বিশ্বাদ্যং বিশ্ববীজং নিখিল ভরহরং
পঞ্চবক্ত্রং ত্রিনেত্রম্॥

"এষ গন্ধঃ ওঁ নমঃ শিবায়।" মন্ত্রে পঞ্চোপচারে পূজাপূর্বক প্রণাম করিবেন।

প্রণাম মন্ত্র— ওঁ নমো শিবায় শান্তায় কারণত্রয় হেতবে।
নিবেদয়ামি চাত্মানং ত্বং গতিঃ পরমেশ্বরঃ॥

জয়দুর্গার ধ্যান—ওঁ কালাভ্রাভাং কটাক্ষৈররিকুল ভয়দাং
মৌলিবদ্ধেন্দু রেখাং,
শঙ্খং চক্রং কৃপাণং ত্রিশিখমপি করৈঃ
রুদ্বহন্তীং ত্রিনেত্রাম্।
সিংহস্কন্ধাধিরূঢ়াং ত্রিভুবন মখিলং
তেজসা পূরয়ন্তীং।
ধ্যায়েদ্দুর্গাং জয়াখ্যাং ত্রিদশপরিবৃতাম্,
সেবিতাং সিদ্ধিকামৈঃ॥

"এষ গন্ধঃ হ্রীং ওঁ জয় দুর্গায়ৈ নমঃ" মন্ত্রে পঞ্চোপচারে পূজা করিয়া প্রণাম করিবেন।

প্রণাম মন্ত্র— ওঁ সর্বমঙ্গলে মঙ্গল্যে শিবে সর্বার্থ সাধিকে।
শরণ্যে ত্র্যম্বকে গৌরী নারায়ণি নমোঽস্তুতে॥

অতঃপর—"এতে গন্ধপুষ্পে ওঁ আদিত্যাদি নবগ্রহেভ্যো নমঃ।" এইক্রমে—"ওঁ ইন্দ্রাদি দশদিকপালেভ্যো নমঃ। ওঁ মৎস্যাদি দশাবতারেভ্যো নমঃ। ওঁ কাল্যাদি দশমহাবিদ্যাভ্যো নমঃ। ওঁ বাস্তুদেবতায়ৈ নমঃ। ওঁ কুলদেবতায়ৈ নমঃ। ওঁ ইষ্টদেবতায়ৈ নমঃ। ওঁ প্রত্যক্ষদেবদেবীভ্যো নমঃ। ওঁ স্থানীয় দেবদেবীভ্যো নমঃ। ওঁ সর্বেভ্যো দেবেভ্যো নমঃ। ওঁ সর্বাভ্যো দেবদেবীভ্যো নমঃ।" মন্ত্রে প্রত্যেকের পঞ্চোপচারে পূজা করিবেন।

অতঃপর করযোড়ে পাঠ করিয়া—“শ্রীমদ্দেকজটা (নীলসরস্বতী, বা উগ্রতারা) তারা দেব্যাঃ মূর্তিং কল্পয়ামি।” মন্ত্রে দেবীর মূর্তি কল্পনা করিবেন। তারপর পুষ্প-বিল্বপত্রাদি কূর্মমুদ্রায় গ্রহণ করিয়া (একজটা, নীলসরস্বতী বা উগ্রতারা) মূর্ত্তি অনুসারে ধ্যানপূর্বক পুষ্পটি ঘটে দিয়া দেবীর আবাহন করিবেন।

আবাহন—“ওঁ এহ্যেহি ভগবত্যম্ব ভক্তানুগ্রহবিগ্রহে। যোগিনীভিঃ সমং দেবি রক্ষার্থং মম সর্বদা॥ ওঁ মহাপদ্মবনান্তস্থে কারণানন্দ বিগ্রহে। সর্বভূতহিতে মাতরেহ্যেহি পরমেশ্বরি॥ ওঁ দেবেশি ভক্তি সুলভে পরিবার সমন্বিতে। যাবত্বাং পূজয়িষ্যামি তাবত্ত্বং সুস্থিরা ভব॥” অতঃপর আবাহনাদি পঞ্চমুদ্রা দ্বারা দেবীর আবাহন করিবেন। যথা—“ওঁ শ্রীমদ্দেকজটে দেবি (শ্রীমন্নীলসরস্বতী দেবী, শ্রীদুর্গতারে দেবি) ইহাগচ্ছ ইহাগচ্ছ, ইহতিষ্ঠ ইহতিষ্ঠ, ইহসন্নিহিতাভব, ইহসন্নিরুদ্ধাভব, অত্রাধিষ্ঠানং কুরু, মম পূজাং গৃহাণ।” অতঃপর “হূং” মন্ত্রে অবগুণ্ঠন মুদ্রা প্রদর্শনপূর্বক দেবীর ষড়ঙ্গন্যাস করিবেন। যথা (একজটা বিষয়ে)—হ্রাং একজটায়ৈ হৃদয়ায় নমঃ। হ্রীং তারিণ্যৈ শিরসে স্বাহা। হ্রুং বজ্রোদকে শিখায়ৈ



আবাহনী মুদ্রা,



স্থাপনী মুদ্রা,



সন্নিধাপনী,



সন্নিরোধনী,



সম্মুখীকরণ

বষট্। হ্রৌং কবচায় হূং। হ্রৈং মহাপ্রতিসরে নেত্রত্রয়ায় বৌষট্। হ্রঃ পিঙ্গোগ্রৈকজটে করতল পৃষ্ঠাভ্যাং অস্ত্রায় ফট্॥"

(নীলসরস্বতী বিষয়ে)—হ্রাং অখিল বাগ্‌রূপিণ্যৈ হৃদয়ায় নমঃ। হ্রীং অখণ্ড বাগ্‌রূপিণ্যৈ শিরসে স্বাহা। হ্রুং ব্রহ্মবাগ্‌রূপিণ্যৈ শিখায়ৈ বষট্। হ্রৈং বিষ্ণুবাগ্‌রূপিণ্যৈ কবচায় হূং। হ্রৌং রুদ্রবাগ্‌রূপিণ্যৈ নেত্রত্রয়ায় বৌষট্। হ্রঃ সর্ববাগ্‌রূপিণ্যৈ অস্ত্রায় ফট্। অতঃপর ধেনুমুদ্রা প্রদর্শনপূর্বক অমৃতীকরণ ও পরমীকরণ মুদ্রাদ্বারা পরমীকরণ, ভূতিনী, আকর্ষণী ও যোনিমুদ্রা প্রদর্শনপূর্বক চক্ষুর্দ্দান ও প্রাণপ্রতিষ্ঠা করিবেন।

চক্ষুর্দ্দান—বিল্বপত্রে ঘৃতদ্বারা কজ্জ্বল প্রস্তুত করিয়া কুশাগ্রদ্বারা স্ত্রীদেবতার অগ্রে ঊর্ধ্বনেত্রে পরে বামনেত্রে তাহার পর দক্ষিণনেত্রে এবং পুরুষ দেবতার অগ্রে ঊর্ধনেত্রে পরে দক্ষিণনেত্রে তৎপরে বামনেত্রে কজ্জ্বল দিয়া চক্ষুর্দান করিবেন। এখানে প্রথমে তারাদেবীর তাহার পর শবশিবের চক্ষুর্দান করিবেন। যথা—ভগবত্যেকজটে বিদ্মহে বিকটদংষ্ট্রে ধীমহি তন্নস্তারে প্রচোদয়াৎ। (ভগবত্যেকজটে স্থলে নীলসরস্বতী বা উগ্রতারে) হইবে। শ্রীশ্রীতারাদেব্যাঃ উর্ধচক্ষু কল্পয়ামি।" এইমন্ত্রে ঊর্দ্ধনেত্রে তৎপরে দেবীর পূর্ববৎ গায়ত্রী পাঠান্তে শ্রীশ্রীতারাদৈব্যাঃ বামচক্ষু কল্পয়ামি।" এইমন্ত্রে চক্ষুতে কজ্জ্বল দিবেন। তৎপরে দেবীর পূর্ববৎ গায়ত্রী পাঠান্তে শ্রীশ্রীতারাদেব্যাঃ দক্ষিণচক্ষু



পরমীকরণ ও ভূতিনী মুদ্রা

কল্পয়ামি” মন্ত্রে দক্ষিণচক্ষুতে কজ্জ্বল দিবেন। অতঃপর করযোড়ে পাঠ করিবেন। যথা—“ওঁ ইদং নেত্রত্রয়ং দিব্যং চন্দ্র-সূর্য্যানলপ্রভং। তারকারময়ং দেবি পশ্য ত্বং ভুবনত্রয়ম্॥” তাহার পর শবশিবের অগ্রে ঊর্ধনেত্রে পরে দক্ষিণনেত্রে, তৎপরে বামনেত্রে বৈদিক গায়ত্রী পাঠ করিয়া চক্ষুর্দ্দান করিবেন।

প্রাণপ্রতিষ্ঠা—দেবীর সম্মুখভাগ বস্ত্রাচ্ছাদিত করিয়া প্রথমে দেবীর মস্তকে দেবীর মূলমন্ত্র ১০৮ বার জপ করিবেন। অতঃপর লেলিহান মুদ্রাদ্বারা দেবতার হৃদয়ে দূর্বা ও আতপচাল ধারণ করিয়া প্রাণপ্রতিষ্ঠা মন্ত্র পাঠ করিবেন। যথা—“ওঁ অস্য প্রাণপ্রতিষ্ঠা মন্ত্রস্য ব্রহ্মাবিষ্ণুমহেশ্বরা ঋষয়ঃ ঋগ্‌যজুঃ সামাথর্বাণি ছন্দাংসি চৈতন্যরূপপ্রাণশক্তির্দেবতা প্রাণপ্রতিষ্ঠাপণে বিনিয়োগঃ। ওঁ আং হ্রীং ক্রোং যং রং লং বং শং ষং সং হৌং হংসঃ শ্রীমদ্দেকজটা (নীলসরস্বতী অথবা উগ্রতারা) দেবতায়াঃ প্রাণা ইহপ্রাণাঃ। ওঁ আং হ্রীং ক্রোং যং রং লং বং শং ষং সং হৌং হংসঃ শ্রীমদ্দেকজটা তারা দেবতায়াঃ জীব ইহাস্থিতঃ। ওঁ আং হ্রীং ক্রোং যং রং লং বং শং ষং সং হৌং হংসঃ। শ্রীমদ্দেকজটা তারা দেবতায়াঃ সর্বেন্দ্রিয়াণি ইহস্থিতানি। ওঁ আং হ্রীং ক্রোং যং রং লং বং শং ষং সং হৌং হংস শ্রীমদ্দেকজটা তারা দেবতায়াঃ বাঙ্মনশ্চক্ষু শোত্রঘাণপ্রাণাঃ ইহাগত্য সুখং চিরং তিষ্ঠন্তু স্বাহা॥ ওঁ মনোজ্যোতির্জুষতামাজ্যস্য বৃহস্পতির্যজ্ঞমিমং তনোত্বরিষ্টং যজ্ঞং সমিমং দধাতু, বিশ্বে দেবাস ইহ মাদয়ন্তা মোম্ প্রতিষ্ঠঃ॥ অস্যৈ প্রাণাঃ প্রতিষ্ঠন্তু অস্যৈ প্রাণাঃ ক্ষরন্তু চ। অস্যৈ দেবত্ব সংখ্যায়ৈ স্বাহা॥ ওঁ হংসঃ শুচিষদ্বসুরন্তরিক্ষং সদ্ধোতা বেদিসদতিথির্দুরোণসৎ নৃসদ্বরসদৃত সদ্বোমসদব্জা গোজা ঋতজা অদ্রিজা ঋতং বৃহৎ॥ ওঁ প্রতদ্বিষ্ণু স্তবতে বীর্যেণ মৃগো ন ভীমঃ কুচরো গরিষ্ঠাঃ॥ অস্যোরুষু ত্রিষু বিক্রমণেষ্বধিক্ষিয়ন্তি ভুবনানি বিশ্বাঃ। ওঁ বিষ্ণুর্যোনিং কল্পয়তু ত্বষ্টারূপাণি পিংশতু॥ আ সিঞ্চতু

প্রজাপতির্ধাতা গর্ভং দধাতু তে। ওঁ হ্রীং স্ত্রীং হুং ফট্ ঐং ভগবত্যেকজটে (ভগবন্নীলসরস্বতী, ভগবদুগ্রতারে বা) বিদ্মহে বিকটদংষ্ট্রে ধীমহি তন্নস্তারে প্রচোদয়াৎ। ওঁ ত্র্যম্বকং যজামহেসুগন্ধিং পুষ্টিবৰ্দ্ধনম্, উর্বারুক-মিব বন্ধনান্মৃত্যোর্মুক্ষীয়মামৃতাৎ স্বাহা॥”

অতঃপর দেবীর পদতলস্থিত শবশিবের প্রাণপ্রতিষ্ঠা করিবেন। যথা—“ওঁ আং হ্রীং ক্রোং যং রং লং বং শং ষং সং হৌং হংসঃ শবশিবস্য প্রাণা ইহপ্রাণাঃ। ওঁ আং হ্রীং ক্রোং যং রং লং বং শং ষং সং হৌং হংসঃ শবশিবস্য জীব ইহস্থিতঃ। ওঁ আং হ্রীং ক্রোং যং রং লং বং শং ষং সং হৌং হংসঃ শবশিবস্য সর্বেন্দ্রিয়াণি ইহস্থিতানি। ওঁ আং হ্রীং ক্রোং যং রং লং বং শং ষং সং হৌং হংসঃ শবশিবস্য বাঙ্মনশ্চক্ষুস্ত্বক্ শোত্রঘ্রাণপ্রাণা ইহাগত্য সুখং চিরং তিষ্ঠন্তু স্বাহা॥ ওঁ ত্র্যম্বকং যজামহে সুগন্ধিং পুষ্টিবৰ্দ্ধনম্। উর্বারুকমিব বন্ধনান্মৃত্যোর্মুক্ষীয়মামৃতাৎ স্বাহা॥” অতঃপর দেবীর ষোড়শপচারে প্রধান পূজা করিবেন।

ষোড়শোপচারে পূজা—প্রথমে কূর্মমুদ্রায় পুষ্পাদি লইয়া দেবীর ধ্যান (পৃঃ ২৭-২৮) পাঠ করিয়া গন্ধপুষ্প দ্বারা পূজা করিয়া, প্রতিটি দ্রব্যের অর্চনান্তে যথাযথ মন্ত্রে দ্রব্যসকল নিবেদন করিবেন।

১। **রজতাসন**—একটি পাত্রে অথবা বিল্বপত্রের উপর রজতাসন রাখিয়া অর্চনা করিবেন। যথা—“বং এতস্মৈ রজতাসনায় নমঃ।” মন্ত্র তিনবার পাঠান্তে তিনবার কুশোদকে অভ্যুক্ষণ করিয়া—“এতে গন্ধপুষ্পে ওঁ রজতাসনায় নমঃ, এতে গন্ধপুষ্পে এতদধিপতয়ে ওঁ বিষ্ণবে নমঃ।” মন্ত্রে গন্ধপুষ্প দিয়া—“এতৎ সম্প্রদানায় (মূলমন্ত্র) শ্রীমদ্দেকজটে (নীলসরস্বতী বা উগ্রতারায়ৈ)

তারায়ৈ নমঃ।” মন্ত্রপাঠ করিয়া রজতাসনটি হস্তে লইয়া মন্ত্র পাঠ করিবেন। যথা—“ওঁ সর্বভূতান্তরাস্থায়ৈ সর্বভূতান্তরাত্মনে। কল্পয়াম্যুপবেশার্থং আসনং তে নমো নমঃ। ইদং রজতাসনং ওঁ (মূলমন্ত্র) একজটা তারায়ৈ নমঃ।” বলিয়া আসন দান করিবেন। অনন্তর অন্যান্য উপচারসকলও উপরোক্তরূপে শোধন ও পূজা করতঃ নিম্নলিখিত মন্ত্রে যথাক্রমে দান করিবেন।

২। **স্বাগতম্**—“ওঁ (মূলমন্ত্র) শ্রীমদ্দেকজটা তারা মাতঃ স্বাগতং সুস্বাগতং কুশলং তে। ওঁ দেব্যাঃ স্বাভীষ্টসিদ্ধর্থ্যাং যস্যা বাঞ্ছন্তি দর্শনম্। সুস্বাগতং স্বাগতং তে তস্যৈ তে পরমাত্মনে।”

৩। **পাদ্য**—পূর্ববৎ অর্চনান্তে “এতৎ সম্প্রদানায় (মূলমন্ত্র) শ্রীমদ্দেকজটা তারায়ৈ নমঃ। ওঁ যৎ পাদজলসংস্পর্শাৎ শুদ্ধিমাপ জগত্রয়ম্। তৎ পাদাব্জ প্রোক্ষাণার্থং পাদ্যং তে কল্পয়াম্যহম্। এতৎ পাদ্যম্ (মূলমন্ত্র) শ্রীমদ্দেকজটা তারায়ৈ নমঃ॥”

৪। **অর্ঘ্যম্**—পূর্ববৎ কুশোদকে অভ্যুক্ষণ করিয়া—“এতে গন্ধপুষ্পে এতস্মৈ অর্ঘ্যায় নমঃ। এতে গন্ধপুষ্পে এতদধিপতয়ে ওঁ বিষ্ণবে নমঃ। এতৎ সম্প্রদানায় (মূলমন্ত্র) শ্রীমদ্দেকজটা তারায়ৈ স্বধা। ওঁ পরমানন্দ সন্দোহো জায়তে যৎ প্রসাদতঃ। তস্যৈ সর্বাত্মভূতায়ৈ আনন্দার্ঘ্যং সমর্পয়ে। ইদমর্ঘ্যম্ ওঁ (মূলমন্ত্র) শ্রীমদ্দেকজটা তারায়ৈ স্বধা॥”

৫। **আচমনীয়ম্**—“এতস্মৈ বং আচমনীয়োদকায় নমঃ।” মন্ত্র তিনবার পাঠান্তে তিনবার কুশোদকে অভ্যুক্ষণ করিয়া—“এতে গন্ধপুষ্পে এতস্মৈ অর্ঘ্যায় নমঃ। এতে গন্ধপুষ্পে এতদধিপতয়ে ওঁ বিষ্ণবে নমঃ। এতৎ সম্প্রদানায় ওঁ (মূলমন্ত্র) শ্রীমদ্দেকজটা তারায়ৈ নমঃ। ওঁ যদুচ্ছিষ্টমপি স্পৃষ্টং শুদ্ধিমেত্যখিলং জগৎ। তস্যৈ শ্রীমুখারবিন্দে আচামং কল্পয়ামি তে॥ ইদমাচমনীয়ম্ ওঁ (মূলমন্ত্র)

শ্রীমদ্দেকজটা তারায়ৈ স্বধা॥”

৬। **মধুপর্ক**—একটি কাংস্যপাত্রে ঘৃত, দধি, মধু লইয়া বামহস্তে ধরিয়া—“এতস্মৈ বং সাধার মধুপর্কায় নমঃ।” মন্ত্র তিনবার বলিয়া তিনবার কুশোদকে অভ্যুক্ষণ করিয়া—“এতে গন্ধপুষ্পে ওঁ এতস্মৈ সাধার মধুপর্কায় নমঃ। এতে গন্ধপুষ্পে এতদধিপতয়ে ওঁ বিষ্ণবে নমঃ। এতৎ সম্প্রদানায় ওঁ (মূলমন্ত্র) শ্রীমদ্দেকজটা তারায়ৈ স্বধা। ওঁ তাপত্রয় বিনাশার্থমখণ্ডানন্দ হেতবে। মধুপর্কং দদাম্যদ্য প্রসীদ পরমেশ্বরী॥ এষঃ সাধার মধুপর্কঃ ওঁ (মূলমন্ত্র) শ্রীমদ্দেকজটা তারায়ৈ স্বধা॥”

৭। **পুনরাচমনীয়ম্**—“এতস্মৈ বং পুনরাচমনীয়োদকায় নমঃ।” মন্ত্র তিনবার বলিয়া তিনবার কুশোদকে অভ্যুক্ষণ করিয়া—“এতে গন্ধপুষ্পে পুনরাচমনীয়োদকায় নমঃ। এতে গন্ধপুষ্পে এতদধিপতয়ে ওঁ বিষ্ণবে নমঃ। এতে গন্ধপুষ্পে এতৎ সম্প্রদানায় ওঁ (মূলমন্ত্র) শ্রীমদ্দেকজটা তারায়ৈ নমঃ॥ ওঁ অশুচি শুচিতামেতি যৎস্পৃষ্ট স্পর্শমাত্রতঃ। অস্মিংস্তে বদনাম্ভোজে পুনরাচমনীয়কম্॥ ইদং পুনরাচমনীয়োদকম্ ওঁ (মূলমন্ত্র) শ্রীমদ্দেকজটা তারায়ৈ নমঃ॥”

৮। **স্নানীয়ম্**—কুশীতে জল লইয়া—“এতস্মৈ বং স্নানীয়োদকায় নমঃ।” তিনবার পাঠান্তে তিনবার কুশোদকে অভ্যুক্ষণ করিয়া—“এতে গন্ধপুষ্পে এতস্মৈ স্নানীয়োদকায় নমঃ। এতে গন্ধপুষ্পে এতদধিপতয়ে ওঁ বিষ্ণবে নমঃ। এতৎ সম্প্রদানায় ওঁ (মূলমন্ত্র) শ্রীমদ্দেকজটা তারায়ৈ নমঃ॥ ওঁ যত্তেজসা জগদ্ব্যাপ্তং যতো জাতমিদং জগৎ। তস্যৈ তে জগদাধারে স্নানার্থং তোয়মর্পয়ে॥ ইদং স্নানীয়োদকম্ ওঁ (মূলমন্ত্র) শ্রীমদ্দেকজটা তারায়ৈ নিবেদয়ামি॥”

৯। **বস্ত্রম্**—বামহস্তে বস্ত্র ধরিয়া—“এতস্মৈ বং বস্ত্রায় নমঃ।” মন্ত্রে তিনবার কুশোদকে অভ্যুক্ষণ

করিয়া—"এতে গন্ধপুষ্পে এতস্মৈ বস্ত্রায় নমঃ। এতে গন্ধপুষ্পে এতদধিপতয়ে ওঁ বিষ্ণবে নমঃ। এতে গন্ধপুষ্পে এতৎ সম্প্রদানায় ওঁ (মূলমন্ত্র) শ্রীমদ্দেকজটা তারায়ৈ নমঃ। ওঁ সর্বাভরণ-হীনায়ৈ মায়াপ্রচ্ছন্ন তেজসে। বসনং পরিধানায় কল্পয়ামি নমোঽস্তুতে॥ ইদং বস্ত্রম্ ওঁ (মূলমন্ত্র) শ্রীমদ্দেকজটা তারায়ৈ নিবেদয়ামি॥"

১০। **আভরণম্**—রজতাভরণ বা স্বর্ণাভরণ একটি পাত্রে বা বিল্বপত্রের উপর রাখিয়া বামহস্তে স্পর্শ করিয়া—"এতস্মৈ বং রজতাভরণায় (স্বর্ণাভরণায় বা) নমঃ।" মন্ত্র তিনবার বলিয়া তিনবার কুশোদকে অভ্যুক্ষণ করিয়া—"এতে গন্ধপুষ্পে এতস্মৈ রজতাভরণায় (স্বর্ণাভরণায় বা) নমঃ। এতে গন্ধপুষ্পে এতদধিপতয়ে ওঁ বিষ্ণবে নমঃ। এতে গন্ধপুষ্পে এতৎ সম্প্রদানায় ওঁ (মূলমন্ত্র) শ্রীমদ্দেকজটা তারায়ৈ নমঃ॥ ওঁ বিশ্বাভরণ ভূতায়ৈ বিশ্বশোভৈক যোনয়ে। মায়াবিগ্রহ ভুষার্থং ভুষাণানি সমর্পয়ে॥ ইদং রজতাভরণম্ (স্বর্ণাভরণম্ বা) ওঁ (মূলমন্ত্র) শ্রীমদ্দেকজটা তারায়ৈ নমঃ॥"

১১। **গন্ধম্**—একটি পুষ্পে রক্তচন্দন লইয়া—"এতস্মৈ বং গন্ধায় নমঃ।" এই মন্ত্র তিনবার বলিয়া কুশোদকে অভ্যুক্ষণ পূর্বক—"এতে গন্ধপুষ্পে এতস্মৈ গন্ধায় নমঃ। এতে গন্ধপুষ্পে এতদধিপতয়ে ওঁ বিষ্ণবে নমঃ। এতৎ সম্প্রদানায় ওঁ (মূলমন্ত্র) শ্রীমদ্দেকজটা তারায়ৈ নমঃ॥ ওঁ গন্ধতন্মাত্রয়া সৃষ্ট্যা যথা গন্ধধরা ধরা। তস্যৈ পরমাত্মনে তুভ্যং পরমং গন্ধমর্পয়ে॥ এষগন্ধঃ ওঁ (মূলমন্ত্র) শ্রীমদ্দেকজটা তারায়ৈ নমঃ॥"

১২। **পুষ্পম্**—একটি পুষ্প লইয়া বামদিকে পুষ্পের উপর রাখিয়া বামহাতে ধরিয়া—"এতস্মৈ বং পুষ্পায় নমঃ॥" মন্ত্র তিনবার বলিয়া তিনবার কুশোদকে অভ্যুক্ষণ করিয়া—"এতে গন্ধপুষ্পে

এতস্মৈ পুষ্পায় নমঃ। এতে গন্ধপুষ্পে এতদধিপতয়ে ওঁ বিষ্ণবে নমঃ। এতৎ সম্প্রদানায় ওঁ (মূলমন্ত্র) শ্রীমদ্দেকজটা তারায়ৈ নমঃ॥ ওঁ পুষ্পং মনোহরং রম্যং সুগন্ধি দেবনির্ম্মিতম্। ময়া নিবেদিতং ভক্ত্যা পুষ্পমেতৎ প্রগৃহ্যতাম্॥ এতৎ সচন্দন (জবা হইলে—জবাপুষ্পং, পদ্ম হইলে—পঙ্কজপুষ্পম্) পুষ্পম্ ওঁ (মূলমন্ত্র) শ্রীমদ্দেকজটা তারায়ৈ বৌষট্॥"

১৩। **বিল্বপত্র**—একটি রক্তচন্দন সহ বিল্বপত্র বামদিকে বিল্বপত্রের উপরে রাখিয়া—"এতস্মৈ বং সচন্দন বিল্বপত্রায় নমঃ।" মন্ত্র তিনবার বলিয়া তিনবার কুশোদকে অভ্যুক্ষণ করিয়া—"এতে গন্ধপুষ্পে এতস্মৈ সচন্দন বিল্বপত্রায় নমঃ। এতে গন্ধপুষ্পে এতদধিপতয়ে ওঁ বিষ্ণবে নমঃ। এতৎ সম্প্রদানায় ওঁ (মূলমন্ত্র) শ্রীমদ্দেকজটা তারায়ৈ নমঃ। ওঁ তারায়ৈ বিদ্মহে মহোগ্রায়ৈ ধীমহি তন্নো দেবী প্রচোদয়াৎ।" ইহা উগ্রতারা বিষয়ে।

একজটা বিষয়ে গায়ত্রী উক্তরূপ—"ওঁ হূং ভগবত্যেকজটে বিদ্মহে ঘোরদংষ্ট্রে ধীমহি তন্নস্তারে প্রচোদয়াৎ॥"

পুষ্পমাল্য—মাল্যটি বামদিকে পুষ্পের উপর রাখিয়া, বামহস্তে ধরিয়া—"এতস্মৈ বং পুষ্পমাল্যায় নমঃ।" মন্ত্র তিনবার পাঠান্তে তিনবার কুশোদকে অভ্যুক্ষণ করিয়া—"এতে গন্ধপুষ্পে এতস্মৈ পুষ্পমাল্যায় নমঃ। এতে গন্ধপুষ্পে এতদধিপতয়ে ওঁ বিষ্ণবে নমঃ। এতৎ সম্প্রদানায় ওঁ (মূলমন্ত্র) শ্রীমদ্দেকজটা তারায়ৈ নমঃ॥ ওঁ সূত্রেণ গ্রথিতং মাল্যং নানাপুষ্প সমন্বিতম্। শ্রীযুক্তং লম্বমানঞ্চ গৃহাণ পরমেশ্বরি। ইদং পুষ্পমাল্যং ওঁ (মূলমন্ত্র) শ্রীমদ্দেকজটা তারায়ৈ নমঃ॥"

১৫। **ধূপম্**—একটি প্রজ্বলিত ধূপ বামদিকে রাখিয়া—"এতস্মৈ বং ধূপায় নমঃ।" মন্ত্র তিনবার

পাঠান্তে তিনবার কুশোদকে অভ্যুক্ষণ করিয়া—“এতে গন্ধপুষ্পে এতস্মৈ ধূপায় নমঃ। এতে গন্ধপুষ্পে এতদধিপতয়ে ওঁ বিষ্ণবে নমঃ। এতৎ সম্প্রদানায় ওঁ (মূলমন্ত্র) শ্রীমদ্দেকজটা তারায়ৈ নমঃ॥” অতঃপর “জয়ধ্বনি মন্ত্রমাতঃ স্বাহা।” বলিয়া একটি পুষ্প ঘণ্টায় দিয়া ঘণ্টাপূজা করিয়া ঘণ্টাবাদ্য করিতে করিতে—“ওঁ বনস্পতিরসো দিব্যো গন্ধাঢ্যঃ সুমনোহরঃ। আঘ্রেয়ঃ সর্বদেবানাং ধূপোঽয়ং প্রতিগৃহ্যতাম্॥ এষ ধূপঃ ওঁ (মূলমন্ত্র) শ্রীমদ্দেকজটা তারায়ৈ নমঃ॥”

১৬। দীপ—একটি প্রজ্বলিত দীপ লইয়া বামদিকে রাখিয়া—“এতস্মৈ বং দীপায় নমঃ।” মন্ত্র তিনবার পাঠান্তে তিনবার কুশোদকে অভ্যুক্ষণ করিয়া—“এতে গন্ধপুষ্পে এতস্মৈ দীপায় নমঃ। এতে গন্ধপুষ্পে এতদধিপতয়ে ওঁ বিষ্ণবে নমঃ। এতৎ সম্প্রদানায় ওঁ (মূলমন্ত্র) শ্রীমদ্দেকজটা তারায়ৈ নমঃ। ওঁ সুপ্রকাশো মহাদীপঃ সর্বতস্তিমিরাপহঃ। সবাহ্যাভ্যন্তরঃ জ্যোতির্দীপোঽয়ং প্রতিগৃহ্যতাম্॥ এষদীপঃ ওঁ (মূলমন্ত্র) শ্রীমদ্দেকাজটা তারায়ৈ নমঃ॥”

১৭। নৈবেদ্যম্—“এতস্মৈ বং নৈবেদ্যায় নমঃ।” তিনবার বলিয়া তিনবার কুশোদকে অভ্যুক্ষণ করিয়া—“এতে গন্ধপুষ্পে এতদধিপতয়ে ওঁ বিষ্ণবে নমঃ। এতৎ সম্প্রদানায় ওঁ (মূলমন্ত্র) শ্রীমদ্দেকজটা তারায়ৈ নমঃ।” ওঁ নৈবেদ্যং স্বাদসংযুক্তং নানাভক্ষ্যসমন্বিতম্। নিবেদয়ামি ভক্ত্যেদং জুষস্ব পরমেশ্বরি॥ ইদম্ নৈবেদ্যম্ ওঁ (মূলমন্ত্র) শ্রীমদ্দেকজটা তারায়ৈ নিবেদয়ামি॥” অতঃপর নৈবেদ্যের উপর মূলমন্ত্র ১০ বার জপ করিয়া চক্রমুদ্রা দ্বারা সংরক্ষণ ও ধেনুমুদ্রায় অমৃতীকরণ করিয়া—“অমৃতোপস্তরণমসি স্বাহা।” মন্ত্রে কিঞ্চিৎ জলগণ্ডুষ দিয়া বামহস্তে গ্রাসমুদ্রা ও দক্ষিণহস্তে পঞ্চপ্রাণমুদ্রা দেখাইবেন।

যথা—ওঁ প্রাণায় স্বাহা। ওঁ অপানায় স্বাহা। ওঁ সমনায় স্বাহা। ওঁ উদানায় স্বাহা। ওঁ ব্যানায় স্বাহা।” পঞ্চমুদ্রা দেখাইবেন।

১৮। **পানীয়ম্**—কর্পূর মিশ্রিত জল লইয়া—“এতস্মৈ বং পানার্থোদকায় নমঃ।” তিনবার বলিয়া তিনবার কুশোদক দিয়া—“এতে গন্ধপুষ্পে এতস্মৈ পানার্থোদকায় নমঃ। এতে গন্ধপুষ্পে এতদধিপতয়ে ওঁ বিষ্ণবে নমঃ। এতৎ সম্প্রদানায় ওঁ (মূলমন্ত্র) শ্রীমদ্দেকজটা তারায়ৈ নিবেদয়ামি॥ ওঁ পানার্থং সলিলং দেবি কর্পূরাদি সুবাসিতম্। সর্বতৃপ্তিকরং স্বচ্ছমর্পয়ামি নমোঽস্তুতে॥ ইদং পানার্থোদকম্ ওঁ (মূলমন্ত্র) শ্রীমদ্দেকজটা তারায়ৈ নমঃ॥” অতঃপর—“ওঁ অমৃতোপিধানমসি স্বাহা।” মন্ত্রে কিঞ্চিৎ জল দিবেন।

১৯। **পুনরাচমনীয়ম্**—কুশীতে জল লইয়া বামহাতে স্পর্শ করিয়া—“এতস্মৈ বং পুনরাচমনীয়োদকায় নমঃ।” তিনবার বলিয়া তিনবার কুশবারি দিয়া—“এতে গন্ধপুষ্পে পুনরাচমনীয়োদকায় নমঃ। এতে গন্ধপুষ্পে এতদধিপতয়ে ওঁ বিষ্ণবে নমঃ। এতৎ সম্প্রদানায় ওঁ (মূলমন্ত্র) শ্রীমদ্দেকজটা তারায়ৈ নমঃ॥ ওঁ অশুচি শুচিতামেতি যৎস্পৃষ্ট স্পর্শমাত্রতঃ। অস্মিংস্তে বদনাম্ভোজে পুনরাচমনীয়কম্॥ ইদং পুনরাচমনীয়ম্ ওঁ (মূলমন্ত্র) শ্রীমদ্দেকজটা তারায়ৈ নমঃ॥”

২০। **তাম্বুল**—“এতস্মৈ বং ফলতাম্বুলায় নমঃ।” মন্ত্র তিনবার পাঠ করিয়া তিনবার কুশোদক দিয়া—“এতে গন্ধপুষ্পে এতস্মৈ ফলতাম্বুলায় নমঃ। এতে গন্ধপুষ্পে এতদধিপতয়ে ওঁ বিষ্ণবে নমঃ। এতৎ সম্প্রদানায় ওঁ (মূলমন্ত্র) শ্রীমদ্দেকজটা তারায়ৈ নমঃ॥ ওঁ পূর্গকর্পূরখদিরলবঙ্গৈলাদি সংযুতম্।

তাম্বুলং মুখরাগায় কল্পয়ামি নমোহস্তুতে॥” ইদং ফলতাম্বুলং ওঁ (মূলমন্ত্র) শ্রীমদ্দেকজটা তারায়ৈ নমঃ॥”

২১। অতঃপর সবস্ত্রতৈজসাধারভোজ্যাদি নিবেদন করিবেন। যথা—বামহাতে ভোজ্যস্পর্শ করিয়া—“এতস্মৈ বং সবস্ত্রতৈজসাধার ভোজ্যায় নমঃ।” মন্ত্র তিনবার বলিয়া তিনবার কুশোদক দিয়া—“এতে গন্ধপুষ্পে এতস্মৈ সবস্ত্রতৈজসাধার ভোজ্যায় নমঃ। এতে গন্ধপুষ্পে এতদধিপতয়ে ওঁ বিষ্ণবে নমঃ। এতৎ সম্প্রদানায় ওঁ (মূলমন্ত্র) শ্রীমদ্দেকজটা তারায়ৈ নমঃ॥”

অতঃপর অন্নাদি থাকিলে দেবীকে নিবেদন করিবেন।

২২। **অন্নম্**—“এতস্মৈ বং সঘৃতোপকরণ অন্নায় নমঃ।” মন্ত্র তিনবার পাঠান্তে তিনবার কুশোদক দিয়া—“এতে গন্ধপুষ্পে সঘৃতোপকরণ অন্নায় নমঃ।” মন্ত্রে গন্ধপুষ্প দিয়া—“এতে গন্ধপুষ্পে এতদধিপতয়ে ওঁ বিষ্ণবে নমঃ। এতৎ সম্প্রদানায় ওঁ (মূলমন্ত্র) শ্রীমদ্দেকজটা তারায়ৈ নমঃ। অন্নং চতুর্বিধং দেবি রসৈঃ ষড়ভিঃ সমন্বিতম্। উত্তমং প্রাণদং চৈব গৃহাণ মম ভাবতঃ॥”

২৩। **পরমান্নং**—“এতস্মৈ বং পরমান্নায় নমঃ।” মন্ত্র তিনবার পাঠ করিয়া তিনবার কুশোদক দিয়া—“এতে গন্ধপুষ্পে এতস্মৈ পরমান্নায় নমঃ।” মন্ত্রে গন্ধপুষ্প দিয়া—“এতদধিপতয়ে ওঁ বিষ্ণবে নমঃ। এতৎ সম্প্রদানায় ওঁ (মূলমন্ত্র) শ্রীমদ্দেকজটা তারায়ৈ নমঃ॥ ওঁ গব্যসর্পিঃ সমাযুক্তং নানামধু সমন্বিতম্। ময়া নিবেদিতং ভক্ত্যা পায়সং প্রতিগৃহ্যতাম্॥ ইদং পরমান্নং ওঁ (মূলমন্ত্র) শ্রীমদ্দেকজটা তারায়ৈ নমঃ॥”

২৪। **পিষ্টকম্**—“এতস্মৈ বং পিষ্টকায় নমঃ।” তিনবার বলিয়া তিনবার কুশোদক দিয়া—“এতে

গন্ধপুষ্পে এতস্মৈ পিষ্টকায় নমঃ। এতে গন্ধপুষ্পে এতদধিপতয়ে ওঁ বিষ্ণবে নমঃ। এতৎ সম্প্রদানায় ওঁ (মূলমন্ত্র) শ্রীমদ্দেকজটা তারায়ৈ নমঃ॥ ওঁ অমৃতৈঃ রচিতং দিব্যং নানারূপবিনির্মিতম্। পিষ্টকং বিবিধং দেবি গৃহাণ মম ভাবতঃ॥ ইদং পিষ্টকম্ ওঁ (মূলমন্ত্র) শ্রীমদ্দেকজটা তারায়ৈ নমঃ॥”

২৫। **মধু**—“এতস্মৈ বং মধুনে নমঃ।” মন্ত্র তিনবার বলিয়া তিনবার কুশোদক দিবেন। “এতে গন্ধপুষ্পে এতস্মৈ মধুনে নমঃ। এতে গন্ধপুষ্পে এতদধিপতয়ে ওঁ বিষ্ণবে নমঃ। এতৎ সম্প্রদানায় ওঁ (মূলমন্ত্র) শ্রীমদ্দেকজটা তারায়ৈ নমঃ॥ ওঁ কুবেরেণ পুরাদত্তং অন্নপাত্রং প্রপূরিতম্। অক্ষয়ং সর্বদা দেবি ত্বয়েদং মধুগৃহ্যতাম্। ইদং মধু ওঁ (মূলমন্ত্র) শ্রীমদ্দেকজটা তারায়ৈ নমঃ॥”

২৬। **ফল-মূলাদি নৈবেদ্যং**—“এতস্মৈ বং খণ্ডফলমূলাদি নৈবেদ্যায় নমঃ।” মন্ত্র তিনবার বলিয়া তিনবার কুশবারি দিয়া—“এতে গন্ধপুষ্পে এতস্মৈ খণ্ডফলমূলাদি নৈবেদ্যায় নমঃ। এতে গন্ধপুষ্পে এতদধিপতয়ে ওঁ শ্রীবিষ্ণবে নমঃ। এতৎ সম্প্রদানায় ওঁ (মূলমন্ত্র) শ্রীমদ্দেকজটা তারায়ৈ নমঃ॥ ওঁ ফলমূলাদি সর্বাণি গ্রাম্যরণ্যানি যানি চ। নানাবিধ সুগন্ধীনি গৃহ্নদেবি মমাচিরম্॥ ইদং খণ্ডফলমূলাদি নৈবেদ্যম্ ওঁ (মূলমন্ত্র) শ্রীমদ্দেকজটা তারায়ৈ নমঃ॥”

২৭। **নেত্রাঞ্জন**—“এতস্মৈ বং নেত্রাঞ্জনায় নমঃ।” মন্ত্র তিনবার বলিয়া তিনবার কুশোদক দিয়া—“এতে গন্ধপুষ্পে এতস্মৈ নেত্রাঞ্জনায় নমঃ। এতে গন্ধপুষ্পে এতদধিপতয়ে ওঁ শ্রীবিষ্ণবে নমঃ। এতৎ সম্প্রদানায় ওঁ (মূলমন্ত্র) শ্রীমদ্দেকজটা তারায়ৈ নমঃ॥ ওঁ নমস্তে সর্বদেবেশে নমস্তে শঙ্করপ্রিয়ে। চক্ষুষামঞ্জনং হৃদ্যং দেবিদত্তং প্রগৃহ্যতাম্॥ ইদং নেত্রাঞ্জনং ওঁ (মূলমন্ত্র) শ্রীমদ্দেকজটা তারায়ৈ নমঃ॥”

২৮। **শঙ্খাভরণ**—“এতস্মৈ বং শঙ্খাভরণায় নমঃ।” মন্ত্র তিনবার বলিয়া তিনবার কুশোদক

দিয়া—"এতে গন্ধপুষ্পে এতস্মৈ শঙ্খাভরণায় নমঃ। এতে গন্ধপুষ্পে এতদধিপতয়ে ওঁ বিষ্ণবে নমঃ। এতৎ সম্প্রদানায় ওঁ (মূলমন্ত্র) শ্রীমদ্দেকজটা তারায়ৈ নমঃ॥ ওঁ মহোদধিসমুদ্ভুতাঃ সর্বদেবী প্রিয়াঃ সদা। ময়া নিবেদিতাঃ শঙ্খবলয়াঃ ভূষণায় তে॥ ইদং শঙ্খাভরণং ওঁ (মূলমন্ত্র) শ্রীমদ্দেকজটা তারায়ৈ নমঃ॥"

২৯। **স্বর্ণাভরণ**—"এতস্মৈ বং স্বর্ণাভরণায় নমঃ।" তিনবার বলিয়া তিনবার কুশোদক দিয়া—"এতে গন্ধপুষ্পে এতস্মৈ স্বর্ণভরণায় নমঃ। এতে গন্ধপুষ্পে এতদধিপতয়ে ওঁ বিষ্ণবে নমঃ। এতৎ সম্প্রদানায় ওঁ (মূলমন্ত্র) শ্রীমদ্দেকজটা তারায়ৈ নমঃ॥ ওঁ স্বর্ণাদ্যলঙ্কারং দেবি ভূষণানাং সদুত্তমম্। হারকুণ্ডলকেয়ূরনুপুরাদি গৃহাণ মে॥ ইদং স্বর্ণাভরণং ওঁ (মূলমন্ত্র) শ্রীমদ্দেকজটা তারায়ৈ নমঃ॥"

৩০। **সিন্দুরম্**—"এতস্মৈ বং সিন্দুরায় নমঃ।" মন্ত্র তিনবার বলিয়া তিনবার কুশোদক দিয়া—"এতে গন্ধপুষ্পে এতস্মৈ সিন্দুরায় নমঃ। এতে গন্ধপুষ্পে এতদধিপতয়ে ওঁ বিষ্ণবে নমঃ। এতৎ সম্প্রদানায় ওঁ (মূলমন্ত্র) শ্রীমদ্দেকজটা তারায়ৈ নমঃ॥ ওঁ রঞ্জনং সর্বলোকানাং ক্রিয়াপরময়া যতম্। সিন্দুর তিলকং তেহস্তু ললাটতট মণ্ডলম্॥ ইদং সিন্দুরং ওঁ (মূলমন্ত্র) শ্রীমদ্দেকজটা তারায়ৈ নমঃ॥"

৩১। **লৌহ আভরণম্**—"এতস্মৈ বং লৌহ আভরণায় নমঃ।" তিনবার বলিয়া কুশোদক দিয়া—"এতে গন্ধপুষ্পে এতস্মৈ লৌহাভরণায় নমঃ। এতে গন্ধপুষ্পে এতদধিপতয়ে ওঁ বিষ্ণবে নমঃ। এতৎ সম্প্রদানায় ওঁ (মূলমন্ত্র) শ্রীমদ্দেকজটা তারায়ৈ নমঃ॥ হ্রীং স্ত্রীং হূং ঐং ভগবত্যেকজটে বিদ্মহে বিকটদংষ্ট্রে ধীমহি তন্নস্তারে প্রচোদয়াৎ। ইদং লৌহ আভরণম্ ওঁ (মূলমন্ত্র) শ্রীমদ্দেকজটা তারায়ৈ নমঃ॥"

৩২। **রচনা**—"এতস্মৈ বং রচনায়ৈ নমঃ।" তিনবার বলিয়া তিনবার কুশোদক দিয়া—"এতে

গন্ধপুষ্পে এতস্মৈ রচনায়ৈ নমঃ। এতে গন্ধপুষ্পে এতদধিপতয়ে ওঁ বিষ্ণবে নমঃ। এতৎ সম্প্রদানায় ওঁ (মূলমন্ত্র) শ্রীমদ্দেকজটা তারায়ৈ নমঃ॥ ওঁ নানাফল সমাযুক্তাং নানাবর্ণ প্রপূরিতাম্। রচনাং তে প্রযচ্ছামি গৃহাণ পরমেশ্বরি॥ এষা রচনাঃ ওঁ (মূলমন্ত্র) শ্রীমদ্দেকজটা তারায়ৈ নমঃ॥”

৩৩। **লড্ডুক**—“এতস্মৈ বং লড্ডুকায় নমঃ।” তিনবার বলিয়া তিনবার কুশোদক দিয়া—“এতে গন্ধপুষ্পে এতস্মৈ লড্ডুকায় নমঃ। এতে গন্ধপুষ্পে এতদধিপতয়ে ওঁ বিষ্ণবে নমঃ। এতৎ সম্প্রদানায় ওঁ (মূলমন্ত্র) শ্রীমদ্দেকজটা তারায়ৈ নমঃ॥ ওঁ লড্ডুকং ষড়রসৈর্যুক্তং দুগ্ধখণ্ডাদিনির্মিতম্। সুমিষ্টং মধুরং দেবি গৃহ্যতাং পরমেশ্বরি॥ ইদং লড্ডুকং ওঁ (মূলমন্ত্র) শ্রীমদ্দেকজটা তারায়ৈ নমঃ॥”

৩৪। **মোদক**—“এতস্মৈ বং মোদকায় নমঃ।” মন্ত্র তিনবার বলিয়া তিনবার কুশবারি দিয়া—“এতে গন্ধপুষ্পে এতস্মৈ মোদকায় নমঃ। এতে গন্ধপুষ্পে এতদধিপতয়ে ওঁ বিষ্ণবে নমঃ। এতৎ সম্প্রদানায় ওঁ (মূলমন্ত্র) শ্রীমদ্দেকজটা তারায়ৈ নমঃ॥ ওঁ মোদকং স্বাদসংযুক্তং শর্করাদিবিনির্মিতম্। সুরম্যং মধুরং ভোজ্যং দেবিদত্তং প্রগৃহ্যতাম্॥ ইদং মোদকং ওঁ (মূলমন্ত্র) শ্রীমদ্দেকজটা তারায়ৈ নমঃ॥”

৩৫। **শ্রীফলপত্র মাল্য**—“এতস্মৈ বং শ্রীফলপত্রমাল্যায় নমঃ।” মন্ত্র তিনবার বলিয়া তিনবার কুশোদক দিয়া—“এতে গন্ধপুষ্পে এতস্মৈ শ্রীফলপত্রমাল্যায় নমঃ। এতে গন্ধপুষ্পে এতদধিপতয়ে ওঁ বিষ্ণবে নমঃ। এতৎ সম্প্রদানায় ওঁ (মূলমন্ত্র) শ্রীমদ্দেকজটা তারায়ৈ নমঃ॥ ওঁ অমৃতোদ্ভবং শ্রীযুক্তং মহাদেব প্রিয়ঃ সদা। পবিত্রন্তে প্রযচ্ছামি শ্রীফলীয়ং সুরেশ্বরি॥ ইদং শ্রীফলপত্রমাল্যং ওঁ (মূলমন্ত্র) শ্রীমদ্দেকজটা তারায়ৈ নমঃ॥”

পুষ্পাঞ্জলি—"শ্রীমদ্দেকজটেদেবি বজ্রপুষ্পং প্রতীচ্ছ হূং ফট্ স্বাহা।" এই মন্ত্র তিনবার পাঠান্তে পুষ্পাঞ্জলি দিবেন।

উপরোক্ত সাধারণ পূজাবিধি দেওয়া হইল। তারাতন্ত্রানুসারে এখানে পূজাবিধি দেওয়া হইল। যথা—

পঞ্চোপচার দান বিধি—গন্ধ—মূলমন্ত্র শ্রীমদ্দেকজটে বজ্রপুষ্পং প্রতীচ্ছ হূং ফট্ স্বাহা। এষ গন্ধঃ নমঃ।

পুষ্প—মূলমন্ত্র শ্রীমদ্দেকজটে বজ্রপুষ্পং প্রতীচ্ছ হূং ফট্ স্বাহা। ইদং সচন্দন পুষ্পং বৌষট্ (পাদয়ো)।

ধূপ—মূলমন্ত্র শ্রীমদ্দেকজটে বজ্রপুষ্পং প্রতীচ্ছ হূং ফট্ স্বাহা। এষ ধূপঃ নমঃ। (বামহস্তে ঘণ্টা বাজাইবেন নাসিকা পর্যন্ত)।

দীপ—মূলমন্ত্র শ্রীমদ্দেকজটে বজ্রপুষ্পং প্রতীচ্ছ হূং ফট্ স্বাহা। এষ দীপোঽয়ং নমঃ। (বামহস্তে ঘণ্টা বাজাইয়া চক্ষু পর্যন্ত)।

নৈবেদ্য—মূলমন্ত্র শ্রীমদ্দেকজটে এতৎ নৈবেদ্যং সোপকরণং নিবেদয়ামি। (বামহস্তে ঘণ্টা বাজাইবেন)।

স্ববামে নিম্নমুখ ত্রিকোণমণ্ডল জলদ্বারা অঙ্কন করিয়া তদুপরি নৈবেদ্য স্থাপন করিয়া "বং" ইতি মন্ত্রে ধেনুমুদ্রা ও যোনিমুদ্রা দেখাইয়া মূলমন্ত্র ১০ বার জপ করিবেন। "ফট্" মন্ত্রে অস্ত্রমুদ্রায় জলের ছিটা দিয়া গালিনীমুদ্রা দেখাইয়া বামহস্তের অনামিকা ও অঙ্গুষ্ঠদ্বারা নৈবেদ্যপাত্র স্পর্শ করিয়া

অর্ঘ্যোদকের ছিটা দিবেন। বামহস্তে গ্রাসমুদ্রা ও দক্ষিণহস্তে পঞ্চপ্রাণ মুদ্রায় মূলমন্ত্র জপ করিতে করিতে দেখাইবেন।

দশোপচার বিধি (তারাতন্ত্রোক্ত)—

পূর্ব্ববৎ মন্ত্র,—এতৎ পাদ্যং নমঃ।
" " ইদং অর্ঘ্যং স্বাহা।
" " ইদং আচমনীয়ং স্বধা।
" " এষ মধুপর্কং স্বধা।
" " ইদং পুনরাচমনীয়ং স্বধা।
" " এষ গন্ধঃ নমঃ।
" " ইদং সচন্দন পুষ্পং বৌষট্।
" " এষ ধূপঃ নমঃ।
" " এষ দীপোঽয়ং নমঃ।
" " এতৎ নৈবেদ্যং সোপকরণং নিবেদয়ামি নমঃ।

ষোড়শোপচার বিধি (তারাতন্ত্রোক্ত)—

পূর্ব্ববৎ মন্ত্র,—ইদং আসনং নমঃ।
" " মাতঃ স্বাগতং সুস্বাগতং।

„ „ এতৎ পাদ্যং নমঃ।
„ „ ইদং অর্ঘ্যং স্বাহা।
„ „ ইদং আচমনীয়ং স্বধা।
„ „ এষ মধুপর্কং স্বধা।
„ „ ইদং পুনরাচমনীয়ং স্বধা।
„ „ ইদং স্নানীয়ং নমঃ।
„ „ ইদং বস্ত্রং নিবেদয়ামি।
„ „ ইদং সিন্দুরম্ নমঃ।
„ „ ইদং আভরণং নিবেদয়ামি।
„ „ এষ গন্ধঃ নমঃ।

মূলমন্ত্র—ইদং সচন্দন পুষ্পং বৌষট্।

(এইমন্ত্রে বিল্বপত্র চরণে এবং মালা গলায় দিবেন)।

পূর্ব্ববৎ মন্ত্র এষ ধূপঃ নমঃ।
„ „ এষ দীপোঽয়ং নমঃ।
„ „ এতৎ নৈবেদ্যং সোপকরণং নিবেদয়ামি।
„ „ ইদং পানার্থ জলং নমঃ।

প্রাচীন পদ্ধতি—

ওঁ ভগবত্যেকজটে হ্রীং বিশুদ্ধ ধর্মগাত্রাণি সর্বপাপাণি সময় সর্ববিকল্পমপনয় হূং ফট্ স্বাহা পাদ্যং নমঃ।

ওঁ তারিণি হ্রীং ইদমাচমনীয়ং স্বধা।

ওঁ হ্রীং মণিধরি বজ্রিণি মহাপ্রতিসরে ইদমর্ঘ্যং স্বাহা।

ওঁ হ্রীং কপালিকে মধুপর্কঃ স্বধা।

শ্রীমদ্দেকজটে ইদমাচমনীয়ং সুগন্ধি জলং নমঃ।

গন্ধপুষ্পয়োর্বিশেত্বয়ং—ওঁ পরমানন্দ সৌরভ্য পরিপূর্ণ দিগন্তরম্। গৃহাণ পরমং গন্ধঃ কৃপয়া পরমেশ্বরি।

শ্রীমদ্দেকজটে এষ গন্ধ নমঃ। ওঁ কৃপয়া পরমেশ্বরি। শ্রীমদ্দেকজটে এষ গন্ধ নমঃ।

ওঁ তুরীয়বনসম্ভুতং নানাগুণ মনোহরম্। আনন্দসৌরভং পুষ্পং গৃহ্যতাং পরমেশ্বরি॥

যোনিমুদ্রা প্রদর্শন করিয়া দেবীর আজ্ঞা গ্রহণপূর্বক আবরণ দেবতার পূজা করিবেন।

আবরণ পূজা—প্রথমে করযোড়ে অনুজ্ঞা গ্রহণ করিবেন। যথা—দেবি আজ্ঞপয় ভগবত্যাঃ পরিবারান্ পূজয়ামীতি প্রার্থ্যাবরণান্ পূজায়েৎ।

অতঃপর অক্ষভ্য ঋষির অর্চনা করিবেন।

অক্ষভ্য ঋষির পূজা—(দেবীর মৌলিতে) "ওঁ অক্ষভ্য বজ্রপুষ্পং প্রতীচ্ছ হূং ফট্ স্বাহা অক্ষভ্য ঋষয়ে নমঃ।"

অতঃপর দেবীর অস্ত্রগণের পূজা করিবেন। যথা—দেবীর দক্ষিণহস্তে খড়্গের পূজা করিবেন। যথা—

ওঁ খড়্গা বস্ত্রপুষ্পং প্রতীচ্ছ ত্বং হূং ফট্ স্বাহা।
অধোভাগে—ওঁ কর্ত্রিকাং বজ্রপুষ্পং প্রতীচ্ছ হূং ফট্ স্বাহা।
বামহস্ত উর্ধে—ওঁ ইন্দীবর বজ্রপুষ্পং প্রতীচ্ছ হূং ফট্ স্বাহা।
বামহস্তের উর্ধে—সদ্যশ্ছিন্ন শির সহিত সক বজ্রপুষ্পং প্রতীচ্ছ হূং ফট্ স্বাহা।
অতঃপর গুরুপঙ্‌ক্তিগণের পূজা করিবেন।

গুরুপংক্তির পূজা—

বায়ুকোণে—	ওঁ উর্দ্ধকেশানন্দনাথ	বজ্রপুষ্পং	প্রতীচ্ছ	হূং ফট্ স্বাহা।
নৈঋতকোণে—	ওঁ ব্যোমকেশানন্দনাথ	,,	,,	হূং ফট্ স্বাহা।
অগ্নিকোণে—	ওঁ নীলকণ্ঠানন্দনাথ	,,	,,	হূং ফট্ স্বাহা।
ঈশানকোণে—	ওঁ বৃষধ্বজানন্দনাথ	,,	,,	হূং ফট্ স্বাহা।
	ওঁ বশিষ্ঠানন্দনাথ	,,	,,	হূং ফট্ স্বাহা।
	ওঁ কূর্মনাথানন্দনাথ	,,	,,	হূং ফট্ স্বাহা।
	ওঁ মীননাথানন্দনাথ	,,	,,	হূং ফট্ স্বাহা।
	ওঁ মহেশ্বরানন্দনাথ	,,	,,	হূং ফট্ স্বাহা।

ওঁ হরিনাথানন্দনাথ	বজ্রপুষ্পং	প্রতীচ্ছ	হূং ফট্ স্বাহা।
ওঁ তারানাথনন্দনাথ	,,	,,	হূং ফট্ স্বাহা।
ওঁ ভানুমত্যম্বা	,,	,,	হূং ফট্ স্বাহা।
ওঁ জয়াম্বা	,,	,,	হূং ফট্ স্বাহা।
ওঁ বিদ্যাম্বা	,,	,,	হূং ফট্ স্বাহা।
ওঁ মহোদর্য্যম্বা	,,	,,	হূং ফট্ স্বাহা।
ওঁ সুখানন্দনাথ	,,	,,	হূং ফট্ স্বাহা।
ওঁ পরমানন্দনাথ	,,	,,	হূং ফট্ স্বাহা।
ওঁ পারিজাতানন্দনাথ	,,	,,	হূং ফট্ স্বাহা।
ওঁ কৈলেশ্বরানন্দনাথ	,,	,,	হূং ফট্ স্বাহা।
ওঁ বিরূপাক্ষানন্দনাথ	,,	,,	হূং ফট্ স্বাহা।
ওঁ যেরব্যম্বানন্দনাথ	,,	,,	হূং ফট্ স্বাহা।

অতঃপর অষ্টযোগিনীর পূজা করিবেন।

অষ্টযোগিনীর পূজা—(পূর্বাদিদলের মূলদেশে)

ওঁ মহাকাল্যৈ নমঃ। ওঁ রুদ্রাণ্যৈ নমঃ।
ওঁ উমায়ৈ নমঃ। ওঁ নীলায়ৈ নমঃ।
ওঁ ঘোরায়ৈ নমঃ। ওঁ ভ্রামর্য্যৈ নমঃ।

ওঁ মহারাত্রৈ নমঃ।   ওঁ ভৈরব্যৈ নমঃ।

অতঃপর অঙ্গদেবতার পূজা করিবেন।

অঙ্গদেবতার পূজা (পূর্বাদিক্রমে চতুর্দলে) যথা—
ওঁ বৈরোচন বজ্রপুষ্পং প্রতীচ্ছ হূং ফট্ স্বাহা।
ওঁ শঙ্খা ,, ,, হূং ফট্ স্বাহা।
ওঁ পাণ্ডব ,, ,, হূং ফট্ স্বাহা।
ওঁ পদ্মনাভ ,, ,, হূং ফট্ স্বাহা।

অগ্ন্যাদি চতুষ্কোণে— ওঁ নামক বজ্রপুষ্পং প্রতীচ্ছ হূং ফট্ স্বাহা।
ওঁ নামক ,, ,, হূং ফট্ স্বাহা।
ওঁ পাণ্ডব ,, ,, হূং ফট্ স্বাহা।
ওঁ তারক ,, ,, হূ ফট্ স্বাহা।

পূর্বাদিচতুর্দ্বারে— ওঁ পদ্মাত্মক বজ্রপুষ্পং প্রতীচ্ছ হূং ফট্ স্বাহা।
ওঁ যমান্তক ,, ,, হূং ফট্ স্বাহা।
ওঁ বিঘ্নান্তক ,, ,, হূং ফট্ স্বাহা।
ওঁ নরান্তক ,, ,, হূং ফট্ স্বাহা।

অতঃপর—এষ পুষ্পাঞ্জলিঃ শ্রীমদ্দেকজটে দেবি বজ্রপুষ্প প্রতীচ্ছ হূং ফট্ স্বাহা।” মন্ত্রে পঞ্চ পুষ্পাঞ্জলি প্রদান করিয়া, পুনরায় দেবির দশোপচারে পূজা করিবেন। যথা—

মূলমন্ত্র শ্রীমদ্দেকজটে বজ্রপুষ্পং প্রতীচ্ছ হূং ফট্ স্বাহা। এতৎ পাদ্যং নমঃ। এইক্রমে—ইদং অর্ঘ্যং স্বাহা। ইদং আচমনীয়ং স্বধা। ইদং মধুপর্কং স্বধা। ইদং পুনরাচমনীয়ং স্বধা। এষ গন্ধঃ নমঃ। ইদং সচন্দন পুষ্পং বৌষট্। এষ ধূপঃ নমঃ। এষ দীপোহয়ং নমঃ। এতৎ নৈবেদ্যং সোপকরণং নিবেদয়ামি নমঃ।

অতঃপর তারারহস্য মতে বলিপ্রদান করিবেন। যথা—বামে ত্রিকোণ, ষট্‌কোণ, বৃত্ত চতুরস্র অঙ্কন করিয়া—তাহাতে জলপূর্ণ পাত্র, মাংস, তণ্ডুল, দধি, হরিদ্রা, দুগ্ধ, মৎস্য, আসব (মদ্য), পিণ্যাক (পেঁয়াজ), লবণ, আর্দ্রক—ইহাদের অন্যতম দ্রব্য গ্রহণ করিয়া অর্থাৎ রাখিয়া—"এতে গন্ধপুষ্পে ওঁ আধারশক্তিভ্যো নমঃ।" পূজাপূর্বক তাহাতে বলিপাত্র স্থাপন করিয়া বামহস্তের অনামিকা ও অঙ্গুষ্ঠদ্বারা স্পর্শ করিবেন। দক্ষিণহস্তে জল লইয়া মন্ত্র পাঠ করিবেন। যথা—

"ওঁ হ্রীং একজটে মহাযজ্ঞাধিপতয়ে ময়োপনীতং বলিং গৃহ্ন গৃহ্ন গৃহ্নাপয় মম সর্বশান্তিং কুরু কুরু পরাবিদ্যামাকৃষ্যাকৃষ্য ত্রুট্ ত্রুট্ ছিন্দি ছিন্দি সর্বজগদ্বশমানয় হ্রীং স্বাহা।"

উপরোক্ত মন্ত্র তিনবার জপ করিয়া বলিপ্রদান করিবেন।

মতান্তরে—রম্ভা, জায়ফল, ডালিম বা ছোটএলাচ প্রদান করেন।

তারামন্ত্রে দীক্ষিত সাধকগণের পক্ষে উপরোক্ত বিধিতে বলিদানের বিধি। কিন্তু সাধারণ পক্ষে তন্ত্রোক্তবিধি অনুসারে ছাগ ইত্যাদি বলিকর্ম করিবেন।

সাধারণ পূজায় দেবীর পদতলস্থিত শবরূপ মহাদেবের ধ্যানান্তে যথাশক্তি উপচারে পূজা করিয়া তৎপরে বলিপ্রদান করিবেন।

শবরূপ মহাদেবের ধ্যান—"শুদ্ধস্ফটিকসঙ্কাশং মহাকালং ত্রিলোচনম্। দিগম্বরঞ্চ দ্বিভুজং দেব্যাঃ পাদব্যবস্থিতম্॥ উর্ধলিঙ্গং মহাদেবং চন্দ্রচূড়ং সদাশিবম্। ধ্যায়েচ্চ পরমানন্দং দেব্যা বাহনমুত্তমম্॥" ধ্যানান্তে "ওঁ হেসৌঃ সদাশিব মহাপ্রেত পদ্মসনায় নমঃ॥" মন্ত্রে পাদ্যাদিক্রমে দশোপচারে পূজা করিবেন।

বিঃ দ্রঃ—তারাতন্ত্র মতে তারা সাধকগণের পূজায় শবরূপ মহাদেবের পূজার উল্লেখ দেখা যায় না। কিন্তু সাধারণ পূজা করিতে হইলে শবরূপ মহাদেবের পূজার প্রয়োজন অবশ্যই রহিয়াছে। তজ্জন্য এখানে পূজাপদ্ধতি দেওয়া হইল।

বলি প্রকরণ

এর আগে তারামন্ত্রে দীক্ষিত এবং তারারহস্য উল্লিখিত বলির বিধান দেওয়া হইয়াছে। কিন্তু সাধারণভাবে পূজা করিতে হইলে অনেক স্থলে তারা পূজায় ছাগ, মেষ ও কুষ্মাণ্ডাদি বলি দিতে দেখা যায়। সেইসকল স্থলে পূজক ব্রাহ্মণগণের সুবিধার্থে এখানে বলি পদ্ধতির বিবরণ দেওয়া হইল। বলিপ্রদান করিতে হইলে তন্ত্রে বলির লক্ষণ সম্পর্কে যে প্রমাণ পাওয়া যায়, এখানে তাহার উল্লেখ করা হইল।

বলি লক্ষণম্—দ্বিবিধো বলিরাখ্যাতঃ সাত্বিকো রাজসস্তথা। সাত্বিকোবলিরাখ্যাতো মাংসরক্তাদিবর্জিতঃ॥ রাজসো মাংসরক্তাদিযুক্তঃ স প্রোচ্যত প্রিয়ে। ত্রিবিধোঃ বলয়ঃ প্রোক্তা

উত্তমাধমমধ্যমাঃ॥ উত্তমশ্চোত্তমং দদ্যান্মধ্যমো মধ্যমস্তথা। অধমঃ কথ্যতে দেবি অধমেঽপ্যধমাগতিঃ॥

অস্যার্থ—সদাশিব পার্বতীকে বলিলেন—হে দেবি! বলি দ্বিবিধ প্রকার, সাত্ত্বিক এবং রাজসিক বলি। সাত্ত্বিক বলি মাংসরক্তাদি বর্জিত। রাজসিক বলি রক্তমাংসাদি যুক্ত। ত্রিবিধ অর্থাৎ সাত্ত্বিক রাজসিক ও তামসিক বলির কথা বলিতেছি। ত্রিবিধ প্রকার যে বলি প্রদত্ত হয়, তাহার ফলও উত্তম, মধ্যম এবং অধম। উত্তম বলি উত্তম ফলদায়ক; মধ্যম বলি মধ্যম ফলদায়ক এবং অধম বলিতে অধমগতি লাভ হয়।

একবর্ণ পশুঃ শ্রেষ্ঠ, দ্বিবর্ণো মধ্যম স্মৃতঃ। অধমঃ পরমেশাণি বহুবর্ণযুতঃ পশুঃ॥

অস্যার্থ—হে পরমেশানি! একবর্ণের পশু শ্রেষ্ঠ বলি। পশু দ্বিবর্ণ হইলে তাহা মধ্যম। বহুবর্ণ যুক্ত পশু অধম বলি। আবার বর্ণ হিসাবে বলির পশুর জাতিবিচার করা হয়।

শ্বেতঞ্চ ছাগলঞ্চৈব ব্রাহ্মণস্য বিশিষ্যতে। রক্তাং শ্বেতং ক্ষত্রিয়স্য বৈশ্যস্য গৌরমেব চ। নানাবর্ণং হি শূদ্রস্য সর্বেষামঞ্জনপ্রভং॥

অস্যার্থ—হে দেবি! শ্বেতবর্ণের ছাগ ব্রাহ্মণ ; রক্ত ও শ্বেতবর্ণ মিশ্রিত ছাগ ক্ষত্রিয় ; গৌরবর্ণ ছাগ বৈশ্য এবং নানাবর্ণবিশিষ্ট ছাগ শূদ্র বলিয়া জানিবে।

বলিদোষ—কৃশেশ্চাপি ভবেদ্রোগী বালে বালক নাশনং। অঙ্গহীনে চ দারিদ্র্যং অধিকাঙ্গে হরের্ভয়ং॥ শিরষ্টিকে হতো মন্ত্রী তাম্রপৃষ্ঠে হতশ্রিয়ঃ। পুচ্ছহীনে ভবেন্মৃত্যু ঘণ্টাগ্রীবে হতায়ুষঃ॥

অস্যার্থ—রুগ্ন বা কৃশছাগ বলিদানে দানকারী রোগী হয়। শিশুছাগ অর্থাৎ যাহার শৃঙ্গ (শিং)

উদ্‌গত হয় নাই, এরূপ ছাগ বলিদানে সন্তানাদির মৃত্যু। পশু অঙ্গহীন হইলে দুঃখ-দারিদ্র। অধিকাঙ্গ পশু বলি দিলে ভয়। মস্তকে ক্ষত বা কোন দোষযুক্ত পশু বলি দিলে মিত্রাদি নাশ। তাম্রপৃষ্ঠবর্ণ পশু বলি দিলে শ্রী নষ্ট হয়। লাঙ্গুলহীন অর্থাৎ পুচ্ছহীন পশু বলি দিলে মৃত্যু। ঘণ্টাকৃতি গ্রীবাযুক্ত পশু বলি দিলে আয়ুহীন হয়।

তন্ত্রোক্ত ছাগবলি বিধি—সুলক্ষণযুক্ত ছাগপশুকে স্নান করাইয়া দেবীর সম্মুখে স্থাপনপূর্বক "ফট্" মন্ত্রে সামান্যার্ঘ্যের জলদ্বারা প্রোক্ষণ করিবেন। অতঃপর "হূং" মন্ত্রে অবগুণ্ঠন মুদ্রা এবং ধেনুমুদ্রায় অমৃতীকরণ করিয়া মন্ত্র পাঠপূর্বক পশুর ললাটে ও শৃঙ্গে সিন্দুর দিবেন। মন্ত্র, যথা—"ওঁ জবাকুসুমসঙ্কাশ সূর্যকোটি সমপ্রভ। সিন্দুরকজ্জলাদীনি গৃহ্ন গৃহ্ন যথা সুখম্॥" তৎপরে পশুর অঙ্গে পূজা করিবেন। যথা—"এতে গন্ধপুষ্পে ওঁ ছাগপশবে নমঃ।" (মস্তকে)—"এতে গন্ধপুষ্পে ওঁ ক্রোং অসিতাঙ্গভৈরবায় নমঃ।" (ললাটে)—"এতে গন্ধপুষ্পে ওঁ রুরুভৈরবায় নমঃ।" (মুখে)—"এতে গন্ধপুষ্পে ওঁ চণ্ডভৈরবায় নমঃ।" (পৃষ্ঠে)—"এতে গন্ধপুষ্পে ওঁ ক্রোধভৈরবায় নমঃ।" (জঙ্ঘা চতুষ্টয়ে)—"এতে গন্ধপুষ্পে ওঁ উন্মত্তভৈরবায় নমঃ।" (পুচ্ছে)—"এতে গন্ধপুষ্পে ওঁ কপালিভৈরবায় নমঃ।" (উদরে)—"এতে গন্ধপুষ্পে ওঁ ভীষণভৈরবায় নমঃ।" (কণ্ঠে)—"এতে গন্ধপুষ্পে ওঁ সংহারভৈরবায় নমঃ।" এইক্রমে পূজাপূর্বক করযোড়ে পাঠ করিবেন। যথা—"ওঁ ছাগ ত্বং বলিরূপেণ মম ভাগ্যাদুপস্থিতঃ। দেবী প্রীতিদানেন নমামি বলিরূপিণম্॥ ওঁ যজ্ঞার্থে পশবঃ সৃষ্ট্যাঃ স্বয়মেব স্বয়ম্ভুবা। অতস্ত্বাং ঘাতয়াম্যদ্য তস্মাদ্ যজ্ঞে বধোঽবধঃ॥" অতঃপর—"ওঁ হ্রীং শ্রীং ফট্" মন্ত্র পাঠপূর্বক পশুর মস্তকে কুশবারি দিয়া উৎসর্গবাক্য পাঠ করিবেন। যথা—"বিষ্ণুরোম্ তৎসৎ অদ্য

অমুকেমাসি অমুকেপক্ষে অমুকতিথৌ অমুকগোত্রঃ শ্রীঅমুক দেবশর্মা (পরার্থে—অমুক দেবশর্মণঃ বা দাসঃ) শ্রীমদ্দেকজটা (নীলসরস্বতী, উগ্রতারা) তারা দেব্যাঃ প্রীতিকামঃ ইমং ছাগপশুং বহ্নিদৈবতং অর্চিতং শ্রীমদ্দেকজটা তারায়ৈ (নীলসরস্বত্যৈ, উগ্রতারায়ৈ) তুভ্যমহং ঘাতয়িষ্যে। (পরার্থে—ঘাতয়িষ্যামি)। ওঁ বলিং গৃহ্ন মহাদেবি পশুং সর্বগুণান্বিতং। যথোক্তেন বিধানেন তুভ্যমস্তু সমর্পিতম্॥" এইরূপে উৎসর্গ করিয়া পশুর কর্ণে মহাবাক্য পাঠ করিবেন। যথা—"ওঁ পশুপাশায় বিদ্মহে বিশ্বকর্মণে ধীমহি তন্নো জীবঃ প্রচোদয়াৎ। ওঁ হিলি হিলি কিলি কিলি হুঁ হুঁ স্ফেং স্ফেং ইমং পশুং প্রদর্শয় স্বর্গং নিয়োজয় মুক্তিং কুরু কুরু স্বাহা॥" অতঃপর খড়্গাপূজা করিবেন।

খড়গ পূজা—খড়্গের মূলে "ঐং" মধ্যে "হ্রীং" খড়্গাগ্রে "শ্রীং" এই বীজ তিনটি সিন্দুর দ্বারা লিখিয়া পূজা করিবেন। যথা—"এতে গন্ধপুষ্পে ওঁ কালী কালী বজ্রেশ্বরী লৌহদণ্ডায় খড়্গায় নমঃ।" খড়গমূলে—"এতে গন্ধপুষ্পে ওঁ বাগীশ্বরী ব্রহ্মাভ্যাং নমঃ॥" খড়্গাগ্রে—"এতে গন্ধপুষ্পে ওঁ হূং উমামহেশ্বরাভ্যাং নমঃ।"

খড়গের সর্বত্র—"এতে গন্ধপুষ্পে ওঁ ব্রহ্মাবিষ্ণুশিবশক্তি যুক্তায় খড়গায় নমঃ।" এইরূপে পূজা করিয়া করযোড়ে পাঠ করিবেন। যথা—"ওঁ খড়্গায় খরশানায় শক্তিকার্য্যার্থ তৎপরঃ। পশুচ্ছেদ্যস্ত্বয়া শীঘ্রং খড়্গনাথ নমোঽস্তুতে॥"

এইরূপে খড়্গের পূজা করিয়া স্তম্ভের পূজা করিবেন।

স্তম্ভ পূজা—স্তম্ভে সিন্দুরাদি দিয়া—"এতে গন্ধপুষ্পে ওঁ স্তম্ভায় নমঃ।" মন্ত্রে পূজা করিয়া স্তম্ভ স্পর্শ করিয়া মন্ত্র পাঠ করিবেন। যথা—"ওঁ স্তম্ভ ত্বং শিবরূপোঽসি ব্রহ্মণা নির্মিতঃ পুরা। দেব্যা দৃষ্টি

প্রদানেন সদা ত্বমচলোভব॥ ওঁ স্তম্ভমূলে বসেদ্ ব্রহ্মা স্তম্ভাগ্রে চ মহেশ্বরঃ। স্তম্ভমধ্যে স্বয়ং বিষ্ণু তস্মাত্ত্বচলো ভব॥ ওঁ যথাচলো গিরির্মেরু হিমবাংশ্চ যথাচলঃ। যথাচান্যে মহিধ্রাশ্চ তথা ত্বমচলোভব॥ ওঁ স্তম্ভ ত্বং বিষ্ণুরূপোঽসি পার্বত্যানন্দ বর্দ্ধনঃ। ভক্তিতঃ পূজয়ামি ত্বাং পশুবন্ধন হেতবে॥"

অতঃপর এক আঘাতে বলি ছেদনপূর্বক সুবর্ণপাত্র, রৌপ্যপাত্র, তাম্রপাত্র, অভাবে নতুন মৃৎপাত্রে সৈন্ধব লবণ, শর্করা, মধু ও কদলীসহ সমাংস রুধির লইয়া দেবীর বামভাগে স্থাপন করিয়া উৎসর্গ করিবেন। যথা—"ওঁ হূং ফট্ এষ সমাংস রুধির বলিঃ ওঁ (মূলমন্ত্র) শ্রীমদ্দেকজটা তারায়ৈ নমঃ।" (যে তারার পূজা, তাহার যথাবিধি নাম বলিবেন)। এই মন্ত্রে উক্তসমাংস রুধিরের অর্ধভাগ উৎসর্গ করিবেন। অবশিষ্ট অর্ধভাগকে চারিভাগ করিয়া (বায়ুকোণে)—"এতে গন্ধপুষ্পে ওঁ হূং বাং বটুকায় নমঃ। এষ সমাংস রুধির বলিঃ ওঁ হূং বাং বটুকায় নমঃ।" (ঈশানে)—"এতে গন্ধপুষ্পে ওঁ হূং যাং যোগিণীভ্যো নমঃ। এষ সমাংস রুধির বলিঃ ওঁ হূং যাং যোগিনীভ্যো নমঃ। (নৈঋতে)—"এতে গন্ধ পুষ্পে ওঁ হূং ক্ষাং ক্ষেত্রপালায় নমঃ। এষ সমাংস রুধির বলিঃ ওঁ হূং ক্ষাং ক্ষেত্রপালায় নমঃ।" (অগ্নিকোণে)—"এতে গন্ধপুষ্পে ওঁ হূং গাং গণপতয়ে নমঃ। এষ সমাংস রুধির বলিঃ ওঁ হূং গাং গণপতয়ে নমঃ।" এইরূপে নিবেদনপূর্বক দেবীর সম্মুখে ছিন্ন ছাগশীর্ষের উপরে ঘৃতদীপ জ্বালিয়া উৎসর্গ করিবেন। যথা—"হূং ফট্ এষ সপ্রদীপ ছাগশীর্ষ বলিঃ শ্রীমদ্দেকজটা তারায়ৈ নমঃ।"—ইতি তন্ত্রোক্ত ছাগবলি বিধি।

মেষবলি—সমস্তই ছাগবলির ন্যায় হইবে। শুধুমাত্র—"ওঁ মেষবলয়ে নমঃ॥" মন্ত্রে পূজা

করিবেন। তৎপরে সমস্ত ছাগবলির ন্যায়। উৎসর্গ বাক্যে—“বিষ্ণুরোম্ তৎসৎ অদ্য অমুকেমাসি অমুকেপক্ষে অমুকতিথৌ অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্মা (পরার্থে—অমুকদেবশর্মণঃ বা দাসঃ) শ্রীশ্রীতারাদেব্যাঃ প্রীতিকামঃ ইদং মেষপশুং বরুণদৈবতম্ অর্চিতং শ্রীমদ্দেকজটা তারায়ৈ তুভ্যমহং ঘাতয়িষ্যে। (পরার্থে—ঘাতয়িষ্যামি)।” এইরূপে উৎসর্গ করিয়া তৎপরে সমস্ত কার্য্য ছাগপশু বলির ন্যায় হইবে।

কুষ্মাণ্ডাদি বলি—কুষ্মাণ্ডাদিতে সিন্দুর দিয়া—“এতস্মৈ বং কুষ্মাণ্ডবলয়ে নমঃ। এতে গন্ধপুষ্পে এতস্মৈ কুষ্মাণ্ডবলয়ে নমঃ। এতে গন্ধপুষ্পে এতদধিপতয়ে ওঁ বনস্পতয়ে নমঃ। এতৎ সম্প্রদানায় ওঁ (মূলমন্ত্র) শ্রীমদ্দেকজটা তারায়ৈ নমঃ।” মন্ত্রে অর্চনা করিয়া উৎসর্গবাক্য পাঠ করিবেন। যথা—“বিষ্ণুরোম্ তৎসৎ অদ্য অমুকেমাসি অমুকেপক্ষে অমুকতিথৌ অমুকগোত্রঃ শ্রীঅমুক দেবশর্মা (পরার্থে—অমুক গোত্রস্য শ্রীঅমুক দেবশর্মণঃ বা দাসঃ) শ্রীশ্রীতারাদেব্যাঃ প্রীতিকামঃ ইমং কুষ্মাণ্ডবলিং বনস্পতির্দৈবতং শ্রীমদ্দেকজটা তারায়ৈ তুভ্যমহং ঘাতায়িষ্যে (পরার্থে—ঘাতয়িষ্যামি)”।

এইরূপে ইক্ষু অর্থাৎ আখ হইলে—“এতস্মৈ বং ইক্ষুদণ্ড বলয়ে নমঃ।” কদলী (কলা) হইলে—“এতস্মৈ বং কদলীফল বলয়ে নমঃ।” বাতাবী হইলে—“এতস্মৈ বং মধুকর্পটি বলয়ে নমঃ।” শশা হইলে—“এতস্মৈ বং এপুষবলয়ে নমঃ।” বেল হইলে—“এতস্মৈ বং বিল্বফল বলয়ে নমঃ।” সুপারী হইলে—“এতস্মৈ বং গুবাক বলয়ে নমঃ।” আদা হইলে—“এতস্মৈ বং আর্দ্রক বলয়ে নমঃ।” প্রভৃতি নাম উল্লেখ করিয়া উৎসর্গ করিবেন। প্রতি স্থলেই—“এতদধিপতয়ে ওঁ বনস্পতয়ে নমঃ।”

বলিবেন।

প্রভূত বলিদান—যে সকল স্থলে একাধিক বলি হইবে, সেইসকল স্থানে একজাতীয় পশু দুইটি বা তিনটি একত্রে উৎসর্গ করিবেন। মন্ত্র সমস্ত একবচনান্ত হইবে।

অতঃপর যথাশক্তি মূলমন্ত্র জপ করিয়া জপ বিসর্জন করিবেন।

মূলমন্ত্র (একজটা)—“ওঁ হ্রীং স্ত্রীং হূং ফট্।”

মূলমন্ত্র—(নীলসরস্বতী ও উগ্রতারা) একই মূলমন্ত্র, একই প্রকার।

হোম প্রকরণ

(তন্ত্রোক্ত মতে)

এখানে তান্ত্রিক হোমপ্রকরণ দেওয়া হইল। তারা রহস্যোক্ত এবং তারা তন্ত্রোক্ত জপ-হোমাদি পরে দেওয়া হইল।

কুণ্ড অথবা স্থণ্ডিল নির্মাণ করিয়া, যথারীতি বালুকা ব্যাপ্ত করিয়া তদুপরি একটি নিম্নমুখ ত্রিকোণমণ্ডল, তদুপরি একটি ত্রিকোণ ঊর্দ্ধমুখী অঙ্কনপূর্বক যট্‌কোণ করিয়া তাহার বাহিরে বৃত্ত, তাহার বাহিরে অষ্টদল অঙ্কন করিয়া, তাহার বাহিরে চতুর্দ্বারযুক্ত চতুষ্কোণ মণ্ডল অঙ্কন করিয়া, হোতা পূর্বাস্যে বসিয়া মস্তকে উষ্ণীব বন্ধনপূর্বক উত্তরাগ্র তিনটি রেখা



